যুগান্তর

তারিখ ... 01 MAR 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

টিএসসিতে যৌন হয়রানি

# জড়িতদের শাস্তি দাবিতে ছাত্র-শিক্ষক সংহতি সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

পহেলা বৈশাখের বর্ষবরণ অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে নারীদের যৌন হয়রানির ঘটনায় জড়িতদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি এবং বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের অপসারণ দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্দোলন অব্যাহত রয়েছে। বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্র-শিক্ষক সমাবেশ অনুষ্ঠিত হয়। দীর্ঘ সময় পার হলেও দোষীদের গ্রেফতার করতে না পারায় ক্ষোভ প্রকাশ করা হয় সমাবেশে।

প্রগতিশীল ছাত্র জোট ও সাম্রাজ্যবাদ বিরোধী ছাত্র ঐক্য এ সমাবেশের আয়োজন করে। সমাবেশে উপস্থিত ছিলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের শিক্ষক তানজিম উদ্দিন খান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক শান্তনু মজুমদারসহ বিভিন্ন বিভাগের শিক্ষকরা। এছাড়া ছাত্র সংগঠনগুলোর পক্ষে ছাত্র ইউনিয়ন সভাপতি হাসান তারেক, ছাত্র ফ্রন্টের একাংশের সভাপতি জনার্দন দত্ত নান্টুসহ ২টি জোটভুক্ত ১৩টি ছাত্র সংগঠনের নেতাকর্মীরা।